39

তারিখ 28 MAR 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

# দৈনিক ইত্তেফাক

## ঢাকা ভার্সিটিতে ধর্মঘট পালিত॥ ভিসি'র পদত্যাগ দাবী

ইত্তেফাক রিপোর্ট ॥ ডাকসু নির্বাচন স্থগিত ঘোষণা, ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদের পদত্যাগ ও ক্যাম্পাসে সন্ত্রাস মুক্ত শিক্ষার পরিবেশ সৃষ্টির দাবীতে

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

( ১ম পৃঃ পর )

ছাত্রলীগের ( ম-ই ) আহ্বানে গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূর্ণ দিবস ছাত্র ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়ের কোন ক্লাস, পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। কেন্দ্রীয় লাইব্রেরী, প্রশাসনিক ভবন, টিএসসিসহ বিশ্ববিদ্যালয়ের সকল ভবনের কার্যক্রম বন্ধ ছিল।

সকাল ১০টায় ছাত্রলীগের নেতা-কর্মীরা মধুর কেন্টিন হইতে বিক্ষোভ মিছিল বাহির করে। মিছিলটি কলাভবন প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্র সমাবেশের আয়োজন হয়। সমাবেশে বলা হয়, ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ ডাকসু নির্বাচনের পাতানো খেলা শুরু করিয়াছেন। তিনি বলিতেছেন, ক্যাম্পাসের পরিবেশ শান্ত। অথচ বাস্তব অবস্থা এতই ভয়াবহ, যেকোন মুহূর্তে ক্যাম্পাসের উত্তরপাড়া এবং কার্জন হল এলাকার হলগুলিতে ছাত্রদলের অন্তর্দ্বন্দ্বের জের হিসাবে অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হইতে পারে। সমাবেশে বলা হয়, ভিসি নির্বাচন স্থগিত ঘোষণা করিয়া পদত্যাগ না করিলে ২৯শে মার্চ পুনরায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হইবে। কেন্দ্রীয় সভাপতি মঈনুদ্দিন হাসান চৌধুরী, সাধারণ সম্পাদক ইকবালুর রহীম, পংকজ নাথ, শফিকুল আলম শফিক ও গাজী মেজবাউল হোসেন সাচ্চু সমাবেশে বক্তৃতা করেন।

### ছাত্র দলের উদ্বেগ প্রকাশ

ছাত্র দলের সভাপতি ফজলুল হক মিলন ও সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন আলম গতকাল (রবিবার) এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগ (ম-ই) আহূত ছাত্র ধর্মঘট কর্মসূচীর প্রেক্ষিতে উদ্বেগ প্রকাশ করিয়াছেন। বিবৃতিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একাধিকবার সর্বদলীয় বৈঠক করিয়া ১২ই এপ্রিল ডাকসু নির্বাচনের তারিখ ঘোষণা করেন। নির্বাচনী তফসীল অনুযায়ী গতকাল ছিল মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিন। অথচ রাজনীতির নামে ছাত্রলীগের ধ্বংসাত্মক কর্মকাণ্ডের কারণে গতকাল মনোনয়নপত্র জমা দেওয়া যায় নাই। ইতিপূর্বে '৯১ সালের মে মাসে নির্বাচনের তারিখ ঘোষণা করা হইয়াছিল। ছাত্র লীগ নিশ্চিতঃ পরাজয়ের ভয়ে এই নির্বাচনও বানচাল করিয়া দেয়। বিবৃতিতে বলা হয়, অন্তর্দলীয় কোন্দলে ক্লান্ত নৈতিকভাবে বিপর্যস্ত ছাত্রলীগ আপন গণ্ডিতে আবদ্ধ হইয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮ হাজার ছাত্র-ছাত্রীর আকাংক্ষাকে পদদলিত করিয়া চলিয়াছে। কলাভবন ও প্রশাসনিক ভবনে তালা ঝুলাইয়া নির্বাচনের স্বাভাবিক প্রক্রিয়াকে সাময়িক বাধাগ্রস্ত করা গেলেও ছাত্রসমাজের মনের আকাংক্ষাকে তালা বন্ধ করা যাইবে না।